



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং-বিএসইসি/এসএমএমআই/২০২২-২৪৮/৬৭২

তারিখঃ ০২ অক্টোবর ২০২৩

## নির্দেশনা

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (অতঃপর “কমিশন” বলিয়া বিবেচিত হইবে) এই মর্মে অবগত হইয়াছে যে, পুঁজিবাজারে কর্মরত কিছু ট্রেড হোল্ডার কোম্পানি বিনিয়োগকারীদের আর্থিক ও সিকিউরিটিজ লেনদেনের Transaction Ledger তৈরিকরণ, Trading data প্রস্তুতকরণ, Clearing and Settlements data প্রস্তুতকরণ ইত্যাদি কার্যে যে Back-Office Software ব্যবহার করে তাহা ব্যবহারকারী কর্তৃক একবার প্রদত্ত তথ্য (inputted data) পরবর্তীতে পরিবর্তন করা (edit) বা মুছিয়া ফেলা (delete) যায়, এবং বর্ণিত এই সকল Software এর সামগ্রিক তথ্য ব্যবস্থাপনায় Audit Trail সংরক্ষণ করা হয় না;

যেহেতু, এইরূপ কার্যকলাপের ফলে পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থ হানি হইয়াছে এবং পুঁজিবাজারের শৃংখলা বিনষ্ট হইয়াছে মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হইয়াছে;

অতএব, সেহেতু, বাংলাদেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের স্বার্থে এবং পুঁজিবাজারের শৃংখলা রক্ষার্থে ট্রেড হোল্ডার কোম্পানি কর্তৃক উপরিউল্লিখিত কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি Uneditable Back-Office Software সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে এ সংক্রান্ত Guidelines প্রণয়ন পূর্বক প্যানেলভুক্ত করিবে, এবং সকল ট্রেড হোল্ডার কোম্পানি কমিশনের এ সংক্রান্ত নির্দেশনা ও যে কোন এক্সচেঞ্জের এ সংক্রান্ত Guidelines পরিপালন করত ৩১ মার্চ ২০২৪ এর মধ্যে উল্লিখিত প্যানেলভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত Uneditable Back-Office Software ব্যবহার নিশ্চিত করিবে;

তবে শর্ত থাকে যে, যে সকল ট্রেড হোল্ডার কোম্পানি ইতোমধ্যে নিজ কর্তৃক প্রস্তুতকৃত Back-Office Software ব্যবহার করিয়া আসিতেছে, তাহারা কমিশনের এ সংক্রান্ত নির্দেশনা ও এক্সচেঞ্জের এ সংক্রান্ত Guidelines পরিপালন করিতেছে মর্মে যে কোন এক্সচেঞ্জ হইতে ৩১ মার্চ ২০২৪ এর মধ্যে সনদ গ্রহণ করিবে অন্যথায় যে কোন এক্সচেঞ্জের প্যানেলভুক্ত Software Vendor হইতে Uneditable Back-Office Software ক্রয় ও ইন্সটল করিয়া কমিশনের এ সংক্রান্ত নির্দেশনা ও যে কোন এক্সচেঞ্জের এ সংক্রান্ত Guidelines পরিপালন করতঃ ৩১ মার্চ ২০২৪ এর মধ্যে উক্ত Back-Office Software ব্যবহার নিশ্চিত করিবে;

আরও শর্ত থাকে যে, এক্সচেঞ্জ দৈবচয়ন ভিত্তিতে spot inspection এর মাধ্যমে ৩১ মার্চ ২০২৪ অতিক্রান্ত হইবার পর ট্রেড হোল্ডার কোম্পানিসমূহ Uneditable Back-Office Software ব্যবহার করিতেছে কিনা

চলমান পৃষ্ঠা - ২



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, ১২শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

তাহা নিশ্চিত করিবে এবং এক্ষেত্রে কোন ট্রেড হোল্ডার কোম্পানি ব্যর্থ হইলে তাহার বিরুদ্ধে বিদ্যমান সিকিউরিটিজ আইন অনুযায়ী গৃহীত ব্যবস্থার পাশাপাশি The Securities and Exchange Ordinance, 1969 এর Section 20A তে প্রদত্ত ক্ষমতাবলে কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি ও সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড-কে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করিল যাহা অবিলম্বে কার্যকর হইবে;

- (১) Dhaka Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর Regulation 3 এবং Chittagong Stock Exchange (TREC Holder's Margin) Regulations, 2013 এর Regulation 3 এর অধীনে প্রাপ্য Free Limit সুবিধা স্থগিত থাকিবে;
- (২) সংশ্লিষ্ট এক্সচেঞ্জের মালিকানা শেয়ারের বিপরীতে প্রাপ্য লভ্যাংশ প্রদান স্থগিত থাকিবে;
- (৩) Eligible Investors/Qualified Investors এর Quota হিসাবে IPO/RPO/QIO এর প্রাপ্য সুবিধা স্থগিত থাকিবে; এবং
- (৪) নতুন শাখা অথবা ডিজিটাল বুথ খোলার সুবিধা স্থগিত থাকিবে।

উল্লেখ্য, কমিশনের ৩১ জানুয়ারি ২০১০ তারিখের নির্দেশনা নংঃ- SEC/CMRRCD/2009-193/11 এতদ্বারা রহিত করা হইল।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

  
অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম  
চেয়ারম্যান